শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সাথে মতবিনিময় সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী:**

সভাপতি : সোহেল আহমেদ, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শিশু কল্যাণ ট্রাস্ট ও অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

সভার স্থান : ভার্চুয়াল প্লাটফর্ম।

সভার তারিখ : ০৬ জুন ২০২১ খ্রিষ্টাব্দ; রোজ রবিবার।

সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা।

উপস্থিতি : সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভার আলোচ্যসূচি ভিত্তিক গৃহীত সিদ্ধান্তসমূহ অনুচ্ছেদওয়ারী নিম্নে বর্ণিত হলো।

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | পাঠদানের শুরুতে নৈতিকতা বিষয়ে বক্তব্য প্রদান | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহে পাঠদানের শুরুতে কয়েক মিনিট নৈতিকতা বিষয়ে বক্তব্য রাখার বিষয়ে আলোচনা করা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহে পাঠদানের শুরুতে ০৫ মিনিট নৈতিকতা বিষয়ে বক্তব্য রাখার এবং ইহা যেন অভিভাবক পর্যায়ে প্রতিফলন ঘটে তার জন্য আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ২. | শিক্ষার্থীদের সাথে স্নেহসুলভ আচরণ করা | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকবৃন্দ শিক্ষার্থীদের সাথে সবসময় স্নেহসুলভ আচরণ করার এবং বিদ্যালয়কে শাস্তিমুক্ত রেখে আনন্দের সাথে শিক্ষা গ্রহণের স্থান হিসেবে গড়ে তোলার বিষয়ে আলোচনা করা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকবৃন্দ কর্তৃক শিক্ষার্থীদের সাথে সবসময় স্নেহসুলভ আচরণ করার এবং বিদ্যালয়কে শাস্তিমুক্ত রেখে আনন্দের সাথে শিক্ষা গ্রহণের স্থান হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ৩. | নৈতিকতা বিষয়ক হাতের লেখা শিক্ষার্থীদের বাড়ির কাজ হিসেবে দেয়া | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের বাড়ির কাজ হিসেবে নৈতিকতা বিষয়ক বাক্য লিখার বিষয়ে আলোচনা করা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের নৈতিকতা বিষয়ক হাতের লেখা বাড়ির কাজ হিসেবে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ৪. | বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী বৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা | বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষক/কর্মচারিদের ভবিষ্যৎ পরিকল্পনা থাকতে হবে। ভবিষ্যৎ পরিকল্পনার মাধ্যমে ছাত্রছাত্রীর সংখ্যা বাড়ানো সম্ভব। কাজেই বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে সকল শিক্ষক/কর্মচারিদের ভবিষ্যৎ পরিকল্পনা করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে সকল শিক্ষক/কর্মচারিদের ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ এবং স্থানীয় জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রথমিক শিক্ষা অফিসার ও অভিভাবকদের সাথে পরামর্শক্রমে ছাত্র-ছাত্রী বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ৫. | প্রত্যেক বিদ্যালয়ের পক্ষ থেকে good | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের পক্ষ | প্রত্যেক শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের পক্ষ থেকে good | শিক্ষকবৃন্দ (সকল) |

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫. | প্রত্যেক বিদ্যালয়ের পক্ষ থেকে good Practice এর তালিকা প্রণয়ন করে দপ্তরে প্রেরণ করা | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের পক্ষ থেকে good Practice এর তালিকা প্রণয়ন করে শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রত্যেক শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের পক্ষ থেকে good Practice এর তালিকা প্রণয়ন করে শিশু কল্যাণ ট্রাস্টের ই-মেইল sktdpe@gmail.com এ প্রেরণ করতে হবে। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ৬. | শিশুদের মধ্যে সদাচরণ প্রতিষ্ঠার জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করা | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের মধ্যে সদাচরণ প্রতিষ্ঠায় ভূমিকা রাখার জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষার্থীদের মধ্যে সদাচরণ প্রতিষ্ঠায় ভূমিকা রাখার জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ৭. | প্রতিদিন ০৬ জন শিক্ষার্থী/অভিভাবকের সাথে স্বাস্থ্যবিধি/নৈতিকতা/পড়াশুনার বিষয়ে পরামর্শ প্রদান | বিদ্যালয় না খোলা পর্যন্ত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রত্যেক শিক্ষক কর্তৃক প্রতিদিন কমপক্ষে ০৬ জন শিক্ষার্থী/অভিভাবকের সাথে স্বাস্থ্যবিধি মেনে চলা/নৈতিকতা/পড়াশুনা অব্যহত রাখার বিষয়ে পরামর্শ প্রদানের আলোচনা হয়। | বিদ্যালয় না খোলা পর্যন্ত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রত্যেক শিক্ষক কর্তৃক প্রতিদিন কমপক্ষে ০৬ জন শিক্ষার্থী/অভিভাবকের সাথে স্বাস্থ্যবিধি মেনে চলা/নৈতিকতা/ পড়াশুনা অব্যহত রাখার বিষয়ে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ৮. | শিক্ষকবৃন্দ নিজেরা নৈতিকতা চর্চা করে শিক্ষার্থীদের জন্য উদাহরণ সৃষ্টি করা | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকবৃন্দ নিজেরা নৈতিকতা চর্চা করে শিক্ষার্থীদের জন্য উদাহরণ সৃষ্টি করার বিষয়ে আলোচনা হয়। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকবৃন্দ নিজেরা নৈতিকতা চর্চা করে শিক্ষার্থীদের জন্য উদাহরণ সৃষ্টি করতে হবে এবং কি কি যায় তার সমন্বিত তালিকা প্রস্তুত করে বিদ্যালয়ে ঝুলিয়ে রাখার সিদ্ধান্ত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ৯. | বিদ্যালয়ের পরিবেশ সুরক্ষা করা | বিশ্বব্যপি কোভিড ১৯ এর কারণে দীর্ঘদিন যাবৎ বিদ্যালয় বন্ধ রয়েছে। সরকারি সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয় চালুকরা হলে এর পরিবেশ সুন্দর রাখার বিষয়ে আলোচনা হয়। | বিশ্বব্যপি কোভিড ১৯ এর কারণে দীর্ঘদিন যাবৎ বিদ্যালয় বন্ধ থাকায় সরকারি সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয় চালুকরা হলে এর পরিবেশ সুন্দর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |
| ১০. | মৃত শিক্ষক-কর্মচারির পরিবারের খোজ-খবর ও সহযোগিতা করা | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের মৃত শিক্ষক-কর্মচারির পরিবারের জন্য উত্তম চর্চা হিসাবে সকলে যথাসাধ্য খোজ-খবর রাখা ও সহযোগিতা করার বিষয়ে আলোচনা করা হয়। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের মৃত শিক্ষক-কর্মচারির পরিবারের জন্য উত্তম চর্চা হিসাবে সকলে যথাসাধ্য খোজ-খবর রাখা ও সহযোগিতা করার সিদ্ধান্ত হয়। | শিক্ষকবৃন্দ (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় বিদ্যালয়ের কার্যক্রম নিস্ঠার সাথে পালনের আহবান জানিয়ে এবং সভায় সকলের সক্রিয় অংশগ্রহণের জন্য সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১০/২০২১

(সোহেল আহমেদ)
পরিচালক (অতি: দায়িত্ব)
শিশু কল্যাণ ট্রাস্ট

ফোন : ৫৫০৭৪৮৮৪
ই-মেইল: sktdpe@gmail.com

নম্বর -৩৮.০১.০০০০.০২০.০৫.০৫৯.২১-১০১৭

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৭ জুন ২০২১

বিতরণ: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. কর্মকর্তা (সকল) শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
২. কর্মচারি (সকল) শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
৩. প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।
৩. সহকারি শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।
৪. সংরক্ষণ কপি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক (গ্রেড -১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতকরণার্থে)।

০৭/৬/২০২১

(সোহেল আহমেদ)
পরিচালক (অতি: দায়িত্ব)
শিশু কল্যাণ ট্রাস্ট
ফোন : ৫৫০৭৪৮৮৪
ই-মেইল: sktdpe@gmail.com

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৭ জুন ২০২১

নম্বর-৩৮.০১.০০০০.০২০.০৫.০৫৯.২০- ৬০২৪

## অফিস আদেশ

সরকারি কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নির্বাচিত কর্মচারীদের প্রতি অর্থবছরে শুদ্ধাচার চর্চার নিমিত্ত পুরস্কার প্রদান করা হয়। শিশু কল্যাণ ট্রাস্টের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ০৭-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক দপ্তরের নিম্নোক্ত কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

| ক্ষেত্র | মনোনীত কর্মচারীর শ্রেণি | নির্বাচিতগণের নাম ও পদবী | গ্রেড ও মূল বেতন |
|---|---|---|---|
| ক্রমিক নং ৩.৪: দপ্তর/সংস্থা | দপ্তর/সংস্থার গ্রেড -১ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী | জনাব মো: সানাউল্লাহ উপপরিচালক (চ:দা:) | গ্রেড-৫ম ৬১,২০০/-(একষট্টি হাজার দুইশত) |
| ক্রমিক নং ৩.৪: দপ্তর/সংস্থা | দপ্তর/সংস্থার গ্রেড -১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী | জনাব মোঃ আশিকুর রহমান খাঁন পিএ কাম কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩ম ১৪,০৫০/- (চৌদ্দ হাজার পঞ্চাশ) |

২। এমতাবস্থায়,

ক. বর্ণিত কর্মচারীগণকে ২০২০-২১ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হলো।

খ. বর্ণিত কর্মচারীগণকে ২০২০-২১ অর্থ বছরে রাজস্ব বাজেটের সাহায্য মঞ্জুরী খাতের বরাদ্দকৃত অর্থ থেকে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ও একটি সনদ প্রদান করা হবে।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শিশু কল্যাণ ট্রাস্টের নৈতিকতা কমিটির ০৭ জুন ২০২১ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক এ আদেশ জারী করা হলো।

০৭/৬/২০২১
(সোহেল আহমেদ)
পরিচালক (অতি: দায়িত্ব)
শিশু কল্যাণ ট্রাস্ট
ফোন : ৫৫০৭৪৮৮৪
ই-মেইল: sktdpe@gmail.com

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৭ জুন ২০২১

নম্বর-৩৮.০১.০০০০.০২০.০৫.০৫৯.২০-৬০২৪(৭)

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক (গ্রেড -১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতকরণার্থে)।
৪। উপ-সচিব (তদন্ত ও শৃঙ্খলা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জনাব মো: সানাউল্লাহ, উপপরিচালক (চ:দা:) শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৬। জনাব মোঃ আশিকুর রহমান খাঁন, পিএ কাম কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
৭। সংরক্ষণ কপি।

H:\Engineer\NIS\NIS.docx

শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**অনলাইন জুমে অনুষ্ঠিত প্রাতিষ্ঠানিক গণশুনানীর সারসংক্ষেপ:**

শুনানি গ্রহণকারি : সোহেল আহমেদ, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শিশু কল্যাণ ট্রাস্ট ও অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

সভার স্থান : ভার্চুয়াল প্লাটফর্ম।

সভার তারিখ : ০৬ জুন ২০২১ খ্রিষ্টাব্দ; রোজ রবিবার।

সভার সময় : বেলা ৩:০০ ঘটিকা।

উপস্থিতি : সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাকে জানানো হয় যে, শিশু কল্যাণ ট্রাস্টের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদন সূচক ৮.৬ বাস্তবায়নের অংশ হিসাবে আজকের এ গণশুনানীর আয়োজন করা হয়েছে। শুনানীতে অংশগ্রহণকারীগণের উপস্থাপিত বিষয়গুলো নিম্নরূপ:

| ক্র: নং | উপস্থাপনকারীর নাম পদবী ও ঠিকানা | শুনানির বিষয়বস্তু | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | জনাব মনোয়ার হোসেন<br>সহকারি শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-৬২, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের মধ্যে কতিপয় শিক্ষক উচ্চতর স্কেল (১৩তম গ্রেড) না পাওয়ায় তারা সামাজিক ও আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের বেশীর ভাগ শিক্ষক ইতোমধ্যে উচ্চতর স্কেল (১৩তম গ্রেড) পেয়ে গেছেন এবং কতিপয় শিক্ষকের প্রয়োজনীয় কাগজপত্র ঘাটতি থাকায় তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রয়োজনীয় কাগজপত্র পাওয়া গেলে তাঁদের ক্ষেত্রে ও উচ্চতর স্কেল (১৩তম গ্রেড) বাস্তবায়নের পদক্ষেপ নেওয়া হবে। |
| ২ | জনাব এস এম ফরহাদ হোসেন<br>প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-১৭২, মঠবাড়ীয়া, পিরোজপুর | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের মধ্যে কতিপয় শিক্ষক-কর্মচারির শিক্ষা ভাতা যথাসময়ে না পাওয়ায় তারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের মধ্যে যে সকল শিক্ষক-কর্মচারির আবেদনে প্রয়োজনীয় কাগজপত্রের ঘাটতি রয়েছে তাদের শিক্ষা ভাতা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রয়োজনীয় কাগজপত্র পাওয়া গেলে পরবর্তীতে তাদের শিক্ষা ভাতা প্রেরণ করা হবে। |
| ৩ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-৭৭, কেশবপুর, যশোর | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারির অবসর/মৃত্যুকালীন আর্থিক সুবিধাদি না পাওয়ায় তাদের পরিবার পরিজন নিয়ে দু:খ কষ্টে ও হতাশার মধ্যে জীবন যাপন করছেন। | শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারির অবসর/মৃত্যুকালীন আর্থিক সুবিধাদির বিষয়টি অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন থাকায় আপাতত: বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। অর্থ মন্ত্রণালয় হতে সম্মতি পাওয়া গেলে পরবর্তীতে অবসর/মৃত্যুকালীন আর্থিক সুবিধাদি প্রদান করা হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় বিদ্যালয়ের কার্যক্রম নিস্থার সাথে পালনের আহবান জানিয়ে এবং সভায় সকলের সক্রিয় অংশগ্রহণের জন্য সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৬/২০২১

(সোহেল আহমেদ)
পরিচালক (অতি: দায়িত্ব)
শিশু কল্যাণ ট্রাস্ট
ফোন : ৫৫০৭৪৮৮৪
ই-মেইল: sktdpe@gmail.com

নম্বর -৩৮.০১.০০০০.০২০.০৫.০৫৯.২১- ৯০১৬

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৭ জুন ২০২১

বিতরণ: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১. কর্মকর্তা (সকল) শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
২. কর্মচারি (সকল) শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর, ঢাকা।
৩. প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।
৩. সহকারি শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।
৪. সংরক্ষণ কপি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক (গ্রেড -১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতকরণার্থে)।